



# পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের একটি অঙ্গ প্রতিষ্ঠান)

**PADMA OIL COMPANY LIMITED**



"সবাই মিলে গড়বো দেশ,  
দুর্নীতিমুক্ত বাংলাদেশ"

সূত্র: ২৮.২২.০০০০.৭০০.১১.০০৬.২০/৪৮৮

তারিখ: ১৩/০৮/২০২০ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাবীন "কনস্ট্রাকশন অব হেড অফিস বিল্ডিং অব পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড" শীর্ষক প্রকল্পের অধীনে নিম্নোক্ত পদে চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশের নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স
০১	কনস্ট্রাকশন সিভিল ইঞ্জিনিয়ার	মাসিক সাকুল্যে বেতন: ১,০১,১৪২/= টাকা।	০১	শিক্ষাগত যোগ্যতা: বাংলাদেশের যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রী। অভিজ্ঞতা: • সিভিল ইঞ্জিনিয়ার হিসেবে কোন সরকারি/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারি নির্মাণ প্রতিষ্ঠানে ন্যূনতম ২০ বৎসরের কর্ম-অভিজ্ঞতা থাকতে হবে। • ন্যূনতম ২টি বহুতল ভবন (২/৩টি বেজমেন্ট সহ কমপক্ষে ১৫ তলা বিশিষ্ট) নির্মাণ কাজে সার্বক্ষণিক সুপারভিশনসহ সার্বিক তত্ত্বাবধান কাজে ন্যূনতম ১০ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	সর্বোচ্চ: ৫০ বৎসর (দরখাস্ত জমাদানের সর্বশেষ তারিখ হতে)। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

আবেদনকারীদের জন্য প্রযোজ্য শর্তাবলী:

১. নিয়োগ প্রকৃতি: চুক্তিভিত্তিক সার্বক্ষণিক। প্রাথমিক ভাবে ২(দুই) বছরের জন্য নিয়োগ করা হবে। প্রকল্পের প্রয়োজনে মেয়াদ বর্ধিত করা হবে।
২. কর্মস্থল: কনস্ট্রাকশন অব হেড অফিস বিল্ডিং অব পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড প্রকল্প সাইট, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৩. আয়কর: আয়কর বিধি অনুযায়ী প্রযোজ্য আয়কর প্রার্থী নিজে বহন করবেন।
৪. বার্ষিক বোনাস: বছরে মোট ২(দুই)টি উৎসব বোনাস প্রদেয় হবে এবং প্রতিটি বোনাসের পরিমাণ ৭১,৫৩০/- টাকা।
৫. ভ্রমণের ক্ষেত্রে কোম্পানির প্রচলিত নিয়ম অনুযায়ী টিএ/ডিএ প্রদান করা হবে।
৬. ছুটি: পঞ্জিকা বছরে মোট ২০ দিন ছুটি ভোগ করতে পারবেন। কোন প্রিভিলেজ লিভ প্রাপ্য হবেনা।
৭. আবেদনপত্র গ্রহণ: বাংলাদেশ ডাক বিভাগের জিইপি সার্ভিস/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র গ্রহণ করা হবে।
৮. আবেদনপত্রের সাথে উত্তীর্ণ পাবলিক পরীক্ষা সমূহের সনদ ও নম্বরপত্রের কপি, অভিজ্ঞতা সনদপত্রের কপি এবং স্বনামধন্য ২ জন প্রকৌশলী/ব্যক্তির নিকট থেকে প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে।
৯. আগামী ৬ সেপ্টেম্বর, ২০২০ খ্রি: তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নবর্ণিত ঠিকানায় আবেদনপত্র সমূহ প্রেরণ করতে হবে।

### উপ-মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড,

পদ্মা ভবন, স্ট্র্যান্ড রোড, সদরঘাট, চট্টগ্রাম-৪০০০

ই-মেইল: [dgm\\_pa@pocl.gov.bd](mailto:dgm_pa@pocl.gov.bd)

১০. আবেদনপত্রের একটি কপি ই-মেইলে প্রেরণ করা যাবে। তবে মূল আবেদনপত্র ডাকযোগে যথাসময়ে উল্লিখিত ঠিকানায় পৌছাতে হবে।
১১. এ নিয়োগ বিজ্ঞপ্তি পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের ওয়েবসাইট [www.pocl.gov.bd](http://www.pocl.gov.bd) এবং বাংলাদেশ পেট্রোলিয়াম : কর্পোরেশনের ওয়েবসাইট [www.bpc.gov.bd](http://www.bpc.gov.bd) এ পাওয়া যাবে।
১২. সশরীরে/অনলাইনে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। এ ক্ষেত্রে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৩. নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী/বা সমপর্যায়ের জিপিএ গ্রহণযোগ্যতা হবে না।
১৪. প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনের শেষ তারিখে পদের বিপরীতে বর্ণিত বয়সের অধিক হবে না।
১৫. অসম্পূর্ণ ভুল তথ্য সম্বলিত দরখাস্ত ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
১৬. কর্তৃপক্ষ যেকোন সময়ে প্রয়োজনবোধে এ নিয়োগ কার্যক্রম/প্রক্রিয়া বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
১৭. উল্লেখিত পদের ক্ষেত্রে কম্পিউটার অপারেটিংএ (অটোক্যাড, এমএস অফিস, এসএসওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট) দক্ষতা থাকতে হবে।
১৮. নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
১৯. মৌখিক পরীক্ষার নোটিস প্রার্থীর ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে। সশরীরে/ভার্চুয়াল পদ্ধতিতে মৌখিক পরীক্ষার জন্য প্রদত্ত ইমেইলে/মোবাইল ফোনে আইডি পাসওয়ার্ড প্রেরণ করা হবে।
২০. প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় তাদের সকল মূল দলিলাদি/সার্টিফিকেট কোম্পানি কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং এক সেট প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে।
২১. প্রার্থীগণকে চূড়ান্ত নিয়োগ লাভের পূর্বে স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

CG-4015(8x3)